

# Prime Minister participates in the Second Global COVID Virtual Summit

May 12, 2022

## প্রধানমন্ত্রী দ্বিতীয় আন্তর্জাতিক কোভিড ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছেন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মার্কিন রাষ্ট্রপতি যোসেফ আর বাইডেন জুনিয়ারের আমন্ত্রণে দ্বিতীয় আন্তর্জাতিক কোভিড ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেছেন। সম্মেলনের মূল ভাবনা ‘মহামারীর ফলে উদ্ভূত সংকটের মোকাবিলা এবং যেকোন পরিস্থিতির জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে অগ্রাধিকার।’ প্রধানমন্ত্রী সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রেখেছেন।

প্রধানমন্ত্রী জানান, ভারতে এই মহামারীর বিরুদ্ধে একটি জনমুখী কৌশল গ্রহণ করা হয়েছে। বাজেটে স্বাস্থ্যক্ষেত্রে এবার সবথেকে বেশি বরাদ্দ করা হয়েছে। ভারতের টিকাকরণ অভিযান বিশ্বে সর্ববৃহৎ। ইতিমধ্যেই ৯০ শতাংশ প্রাপ্তবয়স্ক নাগরিকদের মধ্যে টিকাকরণের কাজ সম্পূর্ণ হয়েছে। ৫ কোটির বেশি শিশু ইতিমধ্যেই টিকার ডোজ পেয়েছে।

শ্রী মোদী বলেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের দায়িত্বশীল সদস্য হিসেবে ভারত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে প্রস্তুত। ভারত কোভিড পরিস্থিতি মোকাবিলার জন্য নমুনা পরীক্ষা, চিকিৎসা ও তথ্য ব্যবস্থাপনা এবং স্বল্পমূল্যের যে প্রযুক্তি উদ্ভাবন করেছে, সেটি সকলের সঙ্গে ভাগ করে নিতে প্রস্তুত। ভাইরাস সংক্রান্ত আন্তর্জাতিক স্তরে তথ্য ভান্ডারে ভারতের জিন বিন্যাসের কনসোর্টিয়াম তাৎপর্যপূর্ণভাবে প্রচুর তথ্য সরবরাহ করেছে। কোভিডের বিরুদ্ধে লড়াইয়ের সময় রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে চিরাচরিত ওষুধগুলিকে সাপ্লিমেন্ট হিসেবে ব্যবহার করার ফলে বহু প্রাণ রক্ষা করা সম্ভব হয়েছে। ভারতে ‘ডার্লুএইচও সেন্টার ফর ট্র্যাডিশনাল মেডিসিন’-এর শিলান্যাস করা হয়েছে। সারা বিশ্বের কাছে শতাব্দী প্রাচীন জ্ঞান ভান্ডার পৌঁছে দেওয়াই যার মূল উদ্দেশ্য।

প্রধানমন্ত্রী সরবরাহ শৃঙ্খলকে স্থিতিশীল করতে, ভবিষ্যৎ পরিস্থিতি সম্পর্কে প্রয়োজনীয় ধারণা পেতে, আন্তর্জাতিক স্তরে স্বাস্থ্য সংক্রান্ত নিরাপত্তা ব্যবস্থাকে আরও কার্যকর করে তুলতে এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার টিকা ও চিকিৎসা পদ্ধতির অনুমোদন প্রক্রিয়ার আরো সংস্কারের জন্য আহ্বান জানান।

এই সম্মেলনে আয়োজক হিসেবে আর যাঁরা অংশ নিয়েছিলেন- ক্যারিবমের বর্তমান নেতৃত্ব প্রদানকারী দেশ বেলিজ, আফ্রিকান ইউনিয়নের নেতৃত্ব প্রদানকারী দেশ সেনেগাল, জি২০ গোষ্ঠীর সভাপতি ইন্দোনেশিয়া এবং জি৭ গোষ্ঠীর সভাপতি জার্মানীর রাষ্ট্র/সরকার প্রধানরা, রাষ্ট্রসংঘের মহাসচিব, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহানির্দেশক সহ বিশিষ্টজনেরা।

প্রধানমন্ত্রী, মার্কিন রাষ্ট্রপতির উদ্যোগে ২০২১-এর ২২-এ ডিসেম্বর প্রথম আন্তর্জাতিক কোভিড ভার্চুয়াল শীর্ষ সম্মেলনেও অংশগ্রহণ করেন।

নতুন দিল্লী  
মে 012, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.